“আমি আমার মৃত্যুর পরে মানুষের মাঝে পুরুষদের জন্য নারীদের চাইতে অধিকতর ক্ষতিকর কোন ফিতনা রেখে যাইনি।”

উসামা ইবনু যায়দ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি
ওয়াসাল্লাম বলেন: “আমি আমার মৃত্যুর পরে মানুষের মাঝে পুরুষদের জন্য নারীদের চাইতে অধিকতর ক্ষতিকর কোন ফিতনা রেখে যাইনি।” [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

এ হাদীসে নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম সংবাদ দিয়েছেন, তাঁর মৃত্যুর পরে পুরুষদের জন্য নারীদের চাইতে অধিক ক্ষতিকর কোন ফিতনা ও পরীক্ষা রেখে যাননি। যদি উক্ত নারী তার পরিবারের হয়, তবে সে তার কথা মতো চললে কখনও কখনও শরী‘য়তের পরিপন্থী হয়ে যায়। আর উক্ত নারী যদি পরনারী হয়, তবে তার সাথে মিশলে ও একাকার হলে অনেক ফাসাদ সৃষ্টি হবে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5830